

# যুগান্তর

প্রিন্ট: ০২ ডিসেম্বর ২০২৫, ০৮:৪২ এএম

সারাদেশ

## ব্রাকসু নির্বাচন স্থগিত



রংপুর ব্যুরো

প্রকাশ: ০১ ডিসেম্বর ২০২৫, ১০:৪৮ পিএম



সংবাদ সম্মেলন করে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) কেন্দ্রীয় ছাত্রসংসদ (ব্রাকসু) ও হল শিক্ষার্থী সংসদ নির্বাচন করেছে নির্বাচন কমিশন

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) কেন্দ্রীয় ছাত্রসংসদ (ব্রাকসু) ও হল শিক্ষার্থী সংসদ নির্বাচন হঠাৎ স্থগিত করেছে নির্বাচন কমিশন। রেজিস্ট্রার দপ্তর কর্তৃক ত্রুটিপূর্ণ ভোটার তালিকা সরবরাহ ও অসহযোগিতার অভিযোগ তুলে নির্বাচন কমিশন এ সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে জানানো হয়।

এ নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নির্বাচন কমিশনের পক্ষ থেকে সোমবার সংবাদ সম্মেলন করে তা স্পষ্ট করা হয়েছে।

সোমবার বিকালে মনোনয়ন বিতরণ শেষে এ সিদ্ধান্ত শিক্ষার্থীদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

সংবাদ সম্মেলনে নির্বাচন কমিশনের পক্ষ থেকে অভিযোগ করা হয়, নির্বাচনি তফসিল কার্যকর করতে হলে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত দপ্তর হতে সঠিক, হালনাগাদ ও ত্রুটিমুক্ত হলভিত্তিক ভোটার তালিকা সরবরাহ করা অপরিহার্য। কোন শিক্ষার্থী কোন হলে রয়েছে, কার ভর্তি বাতিল, কিংবা কোন শিক্ষার্থীর ছাত্রত্ব শাস্তিমূলক কারণে বাতিল হয়েছে এসব তথ্য একমাত্র বিশ্ববিদ্যালয় প্রশাসনই সরবরাহ করবেন। এসব তথ্যের ক্ষেত্রে কমিশনের নিজস্ব সিদ্ধান্ত নেওয়ার সুযোগ নেই।

কিন্তু নির্বাচন কমিশনের আবেদনের পর রেজিস্ট্রার অফিস যে তালিকা সরবরাহ করেছে, তাতে একাধিক গুরুতর ভুল, অসঙ্গতি ও অসম্পূর্ণতা পাওয়া গেছে।

কমিশনের মতে, এমন ভুল তালিকার ভিত্তিতে মনোনয়নপত্র বিতরণ অব্যাহত রাখা নির্বাচনের ন্যায়সংগত ও স্বচ্ছতাকে প্রশ্নবিদ্ধ করবে। এতে প্রার্থীরা বৈধতা সংক্রান্ত জটিলতায় পড়বেন।

নির্বাচন কমিশনার ড. মোহসীনা আহসান বলেন, কমিশন সন্দেহ প্রকাশ করেছে ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান করে কমিশনকে বিভ্রত করার কোনো হীন উদ্দেশ্য সংশ্লিষ্ট দপ্তরের কারো ছিল কি না, বিশ্ববিদ্যালয় প্রশাসনকে তা খতিয়ে দেখতে হবে।

তিনি আরও বলেন, এ অবস্থায় কমিশন ঘোষণা করেছে, হলভিত্তিক ভোটার তালিকার সব অসঙ্গতি দূর না হওয়া পর্যন্ত মনোনয়নপত্র বিতরণসহ তফসিলের অন্যান্য কার্যক্রম স্থগিত থাকবে।

নির্বাচন কমিশনার মো. মাসুদ রানা বলেন, রেজিস্ট্রার অফিসকে জরুরিভিত্তিতে ভুল, বাদ পড়া নামসব সব ধরনের অসামঞ্জস্য সংশোধন করে যাচাইকৃত ভোটার তালিকা দ্রুত নির্বাচন কমিশনের কাছে সরবরাহ করতে বলা হয়েছে, যাতে বিলম্ব ছাড়াই নির্বাচনি কার্যক্রম পুনরায় শুরু করা যায়।

তিনি আরও বলেন, তারা স্বচ্ছ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের প্রতি অঙ্গীকারবদ্ধ এবং সঠিক তথ্য ছাড়া কোনো চাপের কাছে নতি স্বীকার করবে না।

এ বিষয়ে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. শওকাত আলী বিকাল সাড়ে ৫টার দিকে বিশ্ববিদ্যালয়ের সিভিকেট কক্ষে সাংবাদিকদের বলেন, এটা অনাকাঙ্ক্ষিত ঘটনা। রেজিস্ট্রার দপ্তর ভুল ভোটার তালিকা দিতে পারে না। আমি তাদের আজকেই কারণ দর্শানোর নোটিশ দেব। পাশাপাশি নির্বাচন কমিশন অসংগতিগুলো আলোচনা করে সমাধান করতে পারত। নির্বাচন কমিশনকে অনুরোধ করছি, কার্যক্রম চালিয়ে যেতে।